

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- জাগৃক (ভূসব্য) বিবিধ-০৪/৮৬ (অংশ)

তারিখ: ১৭/০৮/২০০৯ ইং

প্রাপকঃ

জেলা রেজিস্ট্রার,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/সিলেট
দিনাজপুর/রংপুর/বগুড়া/নাটোর/পাবনা/যশোর/ফরিদপুর/
পটুয়াখালী/চাঁদপুর/নোয়াখালী/কুমিল্লা।

বিষয়ঃ বিভিন্ন হাউজিং এস্টেটের বিভিন্ন প্লট/ফ্ল্যাট/বাড়ী বিনা-অনুমতিতে হস্তান্তর দলিল রেজিস্ট্রী করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহ সংস্থান অধিদপ্তর) কর্তৃক বিভিন্ন হাউজিং এস্টেটে প্রাতিষ্ঠানিক/আবাসিক/শিল্প/বাণিজ্যিক ইত্যাদি প্লট/বাড়ী বরাদ্দ দেয়া হয়েছে এবং বরাদ্দ গ্রহীতাদের সঙ্গে সরকার তথা কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে লীজ দলিল রেজিস্ট্রী করে দেয়া হয়ে থাকে। লীজ দলিলের শর্তমতে ইজারা গ্রহীতা বিভিন্ন প্লট/ফ্ল্যাট/বাড়ী কর্তৃপক্ষের অনুমতিতে হস্তান্তর (বিক্রয়)/বন্ধক/নামজারী/নকশা অনুমোদন/পুনঃনির্মাণ করতে পারবেন মর্মে উল্লেখ আছে। তথাপিও মাঝে-মাঝে দেখা যায় যে, কোন কোন সাব-রেজিস্ট্রার কর্তৃপক্ষের বিনা অনুমতিতে প্লট/ফ্ল্যাট/বাড়ীর হস্তান্তর (বিক্রয়) দলিল রেজিস্ট্রী করে দিয়ে থাকেন। এতে লীজ দলিলের শর্ত ভঙ্গ হয় এবং বিভিন্ন জটিলতার সৃষ্টি হয়।

এমতাবস্থায়, অত্র কর্তৃপক্ষ কর্তৃক লীজকৃত কোন প্লট/ফ্ল্যাট/বাড়ী অত্র কর্তৃপক্ষের বিনা অনুমতিতে হস্তান্তর (বিক্রয়)/বন্ধক ইত্যাদি দলিল রেজিস্ট্রী না করা হয় সে বিষয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ / অস্পষ্ট

১৭/০৮/২০০৯

(মোঃ রুহুল আমিন মুন্সী)

উপ-পরিচালক

ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা